

Times Today BD

এম এস রহমান | রাজশাহী | 17 April, 2025

পাবনার ঈশ্বরদী উপজেলায় ঘর নির্মাণ নিয়ে বিরোধের জেরে দুই ভাইয়ের মধ্যে ব্যাপক মারামারির ঘটনা ঘটেছে। এতে এক ভাই নিহত হয়েছেন। অপর ভাইকে আশঙ্কাজনক অবস্থায় হাসপাতালে ভর্তি করা হয়েছে।

বৃহস্পতিবার (১৭ এপ্রিল) সকালে উপজেলার লক্ষীকুন্ডা ইউনিয়নের কৈকুন্ডা গ্রামে এ ঘটনা ঘটে।

ঈশ্বরদী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) শহিদুল ইসলাম এ তথ্য নিশ্চিত করেছেন।

নিহত ছোট ভাই জিপু সরদার (৩০) কৈকুন্ডা গ্রামের রিকাত আলী সরদারের ছেলে। অপরজন বড় ভাই মনিরুল সরদারকে (৩৫) রাজশাহী মেডিকেল কলেজ হাসপাতালে ভর্তি করা হয়েছে।

নিহতের পরিবার ও স্থানীয়রা জানান, জিকু অবিবাহিত আর মনিরুল এক সন্তানের জনক। সম্প্রতি তারা একসঙ্গেই বাড়ি নির্মাণ শুরু করেছেন। সেই বাড়ির রুম নিয়ে তাদের মধ্যে বিরোধ দেখা দেয়।

এ নিয়ে আজ সকালে কথা কাটাকাটির এক পর্যায়ে মনিরুল ও তার স্ত্রী-সন্তানের সঙ্গে মারামারিতে জড়িয়ে পড়েন জিকু। এক পর্যায়ে তাদের মধ্যে মারামারি হলে দুই ভাইই গুরুতর আহত হন। পরে স্থানীয়রা উদ্ধার করে প্রথমে ঈশ্বরদী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়ে গেলে অবস্থার অবনতি হলে রাজশাহী মেডিকেল কলেজ হাসপাতালে নেয়ার পথে জিকুর মৃত্যু হয়।

ঈশ্বরদী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) শহিদুল ইসলাম বলেন, আমরা ঘটনাস্থলে আছি।
তদন্ত সাপেক্ষে ঘটনার বিস্তারিত বলা যাবে।

খুন পুলিশ

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 25 April, 2025 00:07

URL: <https://timestodaybd.com/rajshahi/977775807>